



কর্মক্ষেত্র দুর্ঘটনা সংক্রান্ত ওশি জরিপ

গত ০৩ মাসে কর্মক্ষেত্র দুর্ঘটনায় নিহত
১২৮ জন; হতাহতের শীর্ষে নির্মাণ,
পোশাক, কৃষি ও জাহাজ ভাঙ্গা শ্রমিক

২০১৪ সালে জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত দেশে পেশাগত দায়িত্ব পালনকালে কর্মক্ষেত্র দুর্ঘটনায় ১২৮ জন শ্রমিক নিহত (আনুষ্ঠানিক খাতে - ৪৩ জন ও অনানুষ্ঠানিক খাতে - ৮৫ জন) এবং ১০৮ জন শ্রমিক আহত (আনুষ্ঠানিক খাতে - ৭৬ জন ও অনানুষ্ঠানিক খাতে - ৩২ জন) হয়েছেন।

১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৪ পর্যন্ত দেশের ১৮টি জাতীয় সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদনসমূহ মনিটরিং এবং বিভিন্ন ফিল্ড অফিস হতে প্রাপ্ত তথ্য সমূহ বিশ্লেষণ করে ওশি ফাউন্ডেশন; কর্মক্ষেত্র দুর্ঘটনা সম্পর্কিত এই প্রতিবেদনটি প্রকাশ করেছে।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, আনুষ্ঠানিক খাতের মধ্যে পোশাক খাতে হতাহতের সংখ্যা সর্বাধিক (নিহত ০৬ জন ও আহত ৩১ জন) এবং নির্মাণ খাত ২য় সর্বাধিক (নিহত ২০ জন ও আহত ০৪ জন)। এছাড়া জাহাজ ভাঙ্গা শিল্পে নিহত হয়েছেন ০৪ জন ও আহত ১০ জন শ্রমিক।

অনানুষ্ঠানিক খাতের মধ্যে কৃষি খাতে হতাহতের সংখ্যা সর্বাধিক (নিহত ২৮ জন ও আহত ০৯ জন) এবং হতাহতের সংখ্যার বিচারে নির্মাণ (ব্যক্তিগতভাবে) সেক্টর ২য় স্থানে (নিহত ২৪ জন এবং আহত ০৬ জন)।

প্রাপ্ত তথ্য অনুযায়ী, হতাহতের উল্লেখযোগ্য কারণসমূহ হচ্ছে - বিদ্যুৎস্পৃষ্ট হওয়া, বজ্রপাত, অগ্নিকাণ্ড, উপর অথবা জাহাজ থেকে পড়ে যাওয়া এবং বয়লার বিস্ফোরণ। তথ্য বিশ্লেষণে আরো দেখা যায় - বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নিহত হয়েছেন ৪৬ জন ও আহত ০৯ জন, বজ্রপাতে নিহত হয়েছেন ২৬ জন ও আহত ০৫ জন, অগ্নিকাণ্ডে আহত ২৯ জন, উপর অথবা জাহাজ থেকে পড়ে নিহত হয়েছেন ১৭ জন এবং বয়লার বিস্ফোরণে আহত ১৬ জন শ্রমিক।

MAKING NEW HOPE

রানা প্লাজা ও তাজরিন ফ্যাশনস্ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের সন্তানদের জন্য শিক্ষা সহায়তা বিষয়ক কর্মসূচি



বাংলাদেশ অকু্যপেশনাল সেইফটি, হেল্থ এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি)র আর্থিক ও কারিগরি সহায়তায় রানা প্লাজা ও তাজরিন ফ্যাশনস্ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের সন্তানদের শিক্ষা সহায়তা বিষয়ক একটি কর্মসূচি, MAKING NEW HOPE, ২২ অক্টোবর ২০১৪ তারিখ বিকাল ৩:৩০ মিনিটে ওশি'র পাঠপথস্থ হেড অফিসে আয়োজিত এক উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে যাত্রা শুরু করে।

উক্ত অনুষ্ঠানে ওশি'র নির্বাহি পরিচালক, জনাব এ আর চৌধুরী রিপন, রানা প্লাজা ও তাজরিন ফ্যাশনস্ অ্যাক্সিডেন্টস্ ভিকটিমস্ রাইটস্ নেটওয়ার্কের সদস্যবৃন্দ এবং নেটওয়ার্ক কমিটির সদস্য সচিব মিসেস জরিলা বেগম উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ওশি'র নির্বাহি পরিচালক ওশি কর্তৃক প্রস্তুতকৃত রানা প্লাজা ও তাজরিন ফ্যাশনস্ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের সন্তানদের ডাটাবেইজ থেকে প্রাথমিকভাবে নির্বাচিত ০৫ জন ক্ষতিগ্রস্ত শ্রমিকের সন্তানদের, শিক্ষা সহায়তা কর্মসূচির আওতায় চলতি অক্টোবর মাসের চেক হস্তান্তর করেন। ওশি প্রতি মাসে এই ০৫ জন ক্ষতিগ্রস্ত শ্রমিকের সন্তানদের শিক্ষা সহায়তা বাবদ একটা নির্দিষ্ট পরিমাণ অর্থ সহায়তা দিয়ে যাবে।

মোসাম্মৎ মুন্নি আক্তার নামে উক্ত কর্মসূচির একজন উপকারভোগি বলেন, আমি বড় হয়ে ডাক্তার হতে চাই। ওশিকে আমার এই স্বপ্ন পূরণে সাহায্য করতে আসায় অশেষ ধন্যবাদ। সদস্য সচিব মিসেস জরিলা বলেন, আমরা যেন সবাই এই টাকা বাজে কাজে খরচ না করে শুধুমাত্র সন্তানদের পড়াশোনার কাজেই ব্যবহার করি। পরিশেষে, জনাব রিপন চৌধুরী সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

উল্লেখ্য যে, গত ২৪ নভেম্বর ২০১২ তারিখে ঢাকার অদূরে সাভারের নিশ্চিন্তপুরে তুবা গ্রুপের তাজরিন ফ্যাশন লিমিটেডে এক ভয়াবহ অগ্নিকাণ্ড সংঘটিত হয়। এই অগ্নিকাণ্ডে সর্বমোট ১১২ জন শ্রমিকের করণ মৃত্যু ঘটে। অত্যন্ত পরিতাপের বিষয় যে, আজ অবধি এই দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের ক্ষতিপূরণের কার্যকর কোন ব্যবস্থা হয় নি। সরকার, বিজিএমইএ ও বায়াররা সবাই বিষয়টি এড়িয়ে চলার চেষ্টা করছে। বর্তমানে তাজরিন ফ্যাশনসের ক্ষতিগ্রস্ত শ্রমিকরা দুর্বির্ষহ জীবনযাপন করছেন। তারা সঠিকভাবে চিকিৎসাটাও পাচ্ছেন না। যার ফলে অনেকেই স্থায়ি পঙ্গুত্ব বরণ করছেন এবং মরণব্যধি ক্যাসারে আক্রান্ত হচ্ছেন।

নির্মাণ প্রতিষ্ঠানে কর্মপরিবেশ উন্নয়ন এবং পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ

আইএলও অপ্রাতিষ্ঠানিক অর্থনীতি প্রকল্পের আওতায় ওশি ফাউন্ডেশনের কারিগরি সহযোগিতায় ঢাকা, চট্টগ্রাম এবং রাজশাহী'র মোট ৫০টি নির্মাণ প্রতিষ্ঠানে গত অক্টোবর এবং নভেম্বর মাসে নির্মাণ প্রতিষ্ঠানে কর্মপরিবেশ উন্নয়ন এবং পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণের অয়োজন করা হয়।

কর্মক্ষেত্রে ভিত্তিক এ প্রশিক্ষণে পঞ্চাশটি নির্মাণ প্রতিষ্ঠানের মোট ৫৪০ জন নির্মাণ শ্রমিক এবং নির্মাণ প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। অংশগ্রহণমূলক এই প্রশিক্ষণে আইএলও'র 'উইসকন' মডেল অনুযায়ী নির্মাণ প্রতিষ্ঠানে কর্মপরিবেশ উন্নয়নের উপায় এবং পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য বিষয়ে আলোকপাত করা হয়।



আয়োজিত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীবৃন্দ সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞানের আলোকে নির্মাণ প্রতিষ্ঠানের কর্মপরিবেশ উন্নয়ন এবং পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য নিশ্চিতকরণে কার্যকর ভূমিকা রাখবেন বলে প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

উক্ত প্রশিক্ষণ অয়োজনে সার্বিকভাবে সহযোগিতা করেছেন ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়ন বাংলাদেশ (ইনসাব), বাংলাদেশ বিল্ডিং এন্ড উড ওয়ার্কাস ফেডারেশন (বিবিডব্লিউডব্লিউএফ), বাংলাদেশ নির্মাণ শ্রমিক লীগ এবং বাংলাদেশ জাতীয়তাবাদী নির্মাণ ও কাঠ শ্রমিক ফেডারেশন এর কেন্দ্রীয় এবং স্থানীয় নেতৃবৃন্দ।

প্রমোশন অব ডিসেন্ট ওয়ার্ক ফর এগ্রিকালচার ওয়ার্কার্স

বেসিক অর্গানাইজার প্রশিক্ষণ কর্মশালা

কৃষি বাংলাদেশের অর্থনীতির চালিকা শক্তি, যা গ্রামীণ জনগোষ্ঠীর জীবন ও জীবিকার প্রধান উৎস। কিন্তু এই খাত বর্তমানে নানাবিধ সমস্যা জর্জরিত। কৃষকরাই আমাদের সমাজের দরিদ্রতম জনগোষ্ঠী। কৃষিখাতে শ্রম মান এবং নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে ওশি ফাউন্ডেশন হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলায় 'প্রমোশন অব ডিসেন্ট ওয়ার্ক ফর এগ্রিকালচার ওয়ার্কার্স' নামে একটি প্রকল্প পরিচালনা করছে।

কৃষি শ্রমিকদের উন্নয়ন প্রকল্পের প্রথম বেসিক অর্গানাইজার প্রশিক্ষণ কর্মশালা গত ১৭ অক্টোবর হবিগঞ্জের চুনারুঘাটে ওশি শ্রম প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ কর্মশালার উদ্দেশ্য ছিল কৃষি শ্রমিকদের সংগঠিত করা, সংগঠিতকরণের গুরুত্ব ও প্রয়োজনীয়তা আলোচনা, তাদের অধিকার সম্পর্কে সচেতন করা, তাদের মধ্যে সৌহার্দ্য তৈরি করা, সরকার প্রদত্ত সেবার সাথে তাদের সংযোগ ঘটানো, বিভিন্ন ইস্যুতে সচেতনতা তৈরি ইত্যাদি। চুনারুঘাট উপজেলা কৃষি অফিসের উপ-সহকারী কৃষি কর্মকর্তা আব্দুছ সুবহান ছিলেন প্রশিক্ষণ কর্মশালার প্রশিক্ষক। ওশি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক জনাব রিপন চৌধুরীর সভাপতিত্বে এবং প্রোগ্রাম অফিসার আসাদ উদ্দিনের সঞ্চালনায় কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওশি ফাউন্ডেশনের ভাইস-চেয়ারম্যান ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন।

৫টি ওয়ার্ড থেকে ১৮ জন কৃষি শ্রমিক ও সংগঠক কর্মশালায় অংশগ্রহণ করেন। স্বাগত বক্তব্যে জনাব রিপন চৌধুরী বাংলাদেশের বর্তমান কৃষিখাতের সার্বিক অবস্থা, সমস্যা ও সম্ভাবনা, কৃষি শ্রমিকদের বর্তমান আর্থ-সামাজিক অবস্থা, চুনারুঘাট উপজেলার কৃষি ও কৃষি শ্রমিকদের অবস্থা ইত্যাদি বিষয়ে ধারণা প্রদান করেন। তিনি আরো বলেন, চুনারুঘাট একটি কৃষি প্রধান উপজেলা। এখানকার বেশিরভাগ অধিবাসী কৃষির উপর নির্ভরশীল। এই খাতের শ্রমিকরা খুবই অসংগঠিত। অন্যান্য সেক্টরে বিভিন্ন সংগঠন বা ট্রেড ইউনিয়ন থাকলেও এই খাতে সেইরকম কোনো সাংগঠনিক কাঠামো নেই। এই প্রেক্ষাপট সামনে রেখে ওশি প্রকল্পটি পরিচালনা করছে।



প্রধান অতিথির বক্তব্যে ওশি ফাউন্ডেশনের ভাইস-চেয়ারম্যান সৈয়দ সায়েদুল হক সুমন বলেন, কৃষি শ্রমিকরা হচ্ছে বাংলাদেশের প্রাণ। কিন্তু তাদের বেশির ভাগের অবস্থা ভালো না। কৃষিতে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে দারিদ্র্য দূর করতে হলে একতা অপরিহার্য। তিনি আরো বলেন, বর্তমান সরকার একটি কৃষিবান্ধব সরকার। কৃষিখাতের আধুনিকায়নে এই সরকার বন্ধপরিষ্কার। সরকারের পাশাপাশি আপনাদের উন্নয়নে আপনাদের এলাকায় ওশি ফাউন্ডেশন একটি প্রকল্প পরিচালনা করছে। এটা আপনাদের জন্য একটি বিরাট সুবিধা।

কর্মশালার দ্বিতীয় অধিবেশনে চুনারুঘাট উপজেলার উপ-সহকারী কৃষি কর্মকর্তা আব্দুছ সুবহান প্রশিক্ষণমূলক বক্তব্য প্রদান করেন। তিনি কৃষি শ্রমিকদের

(৩য় পৃষ্ঠায় দেখুন)



কর্মক্ষেত্রে অসংগঠিত নারী শ্রমিকদের সংগঠিতকরণ,
যৌন হয়রানি বন্ধকরণ এবং জেভার সমতা বিষয়ক

ফলো-আপ কর্মশালা অনুষ্ঠিত

লেবার অ্যাট ইনফর্মাল ইকনোমি (এলআইই)-র পরিচালনায় এবং ওশি ও এএমআরসি-র সহায়তায় গত সেপ্টেম্বর ও অক্টোবর মাসে ৯০ জন শ্রমজীবী নারীদের জন্য ৫টি ফলো-আপ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিভিন্ন সেক্টরে কর্মরত নারী শ্রমিক।

ফেডারেশন অব গার্মেন্টস ওয়ার্কার ও বাংলাদেশ ফ্রি ট্রেড ইউনিয়ন কংগ্রেস এর যৌথ উদ্যোগে আগারগাঁওয়ে ৫ সেপ্টেম্বর ২০১৪ ইং তারিখে ১৫ জন নারী নেতৃত্ববৃন্দের অংশগ্রহণে ফলো আপ কর্মশালা অনুষ্ঠিত হয়। দ্বিতীয়টি ১৬ সেপ্টেম্বর ২০১৪ ইং তারিখে যাত্রাবাড়ির মাতুয়াইলের ওশি প্রশিক্ষণ ও কল্যাণ সেন্টারে ১৫ জন ওয়েস্ট পিকারদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়। কর্মশালা দুটির উদ্বোধন করেন মিস চায়না রহমান, নির্বাহী পরিচালক, ফেডারেশন অব গার্মেন্টস ওয়ার্কার।

অন্যদিকে ২৭ সেপ্টেম্বর ২০১৪ তারিখে মিরপুর ১৪ নম্বরে জাতীয় শ্রমিক লীগের শাখা কার্যালয়ে কাজী রহিমা সাখির নেতৃত্বে ১৫ জন নারী সংগঠকের অংশগ্রহণে ফলো-আপ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন ওশি-র চেয়ারপার্সন মিসেস সাকী রিজওয়ানা ও মিসেস চায়না রহমান।

বাংলাদেশ বিমান শ্রমিক লীগ এর সহযোগিতায় ১৭ অক্টোবর ২০১৪ তারিখে যথারীতি ১৫ কর্মজীবী নারীর অংশগ্রহণে ফলো-আপ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন ওশি-র চেয়ারপার্সন মিসেস সাকী রিজওয়ানা।

বাংলাদেশ ছিন্নমূল হকার্স সমিতি ও বাংলাদেশ তৈরি পোশাক শিল্প ফেডারেশনের যৌথ উদ্যোগে ঢাকার প্রাণকেন্দ্র গুলিস্তানের ছিন্নমূল হকার্স সমিতির সভাকক্ষে গত ১৮ অক্টোবর ২০১৪

তারিখে জনাব কামাল সিদ্দিকীর উপস্থিতিতে মহিলা বিষয়ক সম্পাদক সাহেরা বেগমের নেতৃত্বে ফলো-আপ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে অংশগ্রহণ করেন ১৫ জন নারী হকার ও গার্মেন্টসের ইউনিয়ন কর্মী।

ফলো-আপ কর্মশালার মূল উদ্দেশ্য ছিল কর্মজীবী নারী শ্রমিকদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা যাতে তারা এএমআরসি ও এলআইই-র জেভার বিষয়ক প্রকল্পের সাথে একাত্ম হয়ে নিজেদের অধিকার, অসংগঠিতদের সংগঠিতকরণ, বিভিন্ন ধরনের বিশেষত যৌন হয়রানি বন্ধকরণ, জেভার সমতা এবং নারী নেতৃত্বের দক্ষতা উন্নয়ন বিষয়ে সচেতন হন। যাতে তারা তাদের জীবন ও জীবিকার মান উন্নয়ন এবং সামাজিক স্বীকৃতি অর্জনে সক্ষম হন।

উল্লেখ্য যে, গত ২২ ও ২৩ এপ্রিল এলআইই, ওশি ও এএমআরসি'র যৌথ উদ্যোগে ঢাকার বিয়াম মিলনায়তনে জাতীয় পর্যায়ে শ্রম অধিকার ও কর্মজীবী নারীদের জন্য শোভন কর্মপরিবেশ বিষয়ক একটি আলোচনা ভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার সুপারিশ অনুযায়ী প্রাতিষ্ঠানিক ও অ-প্রাতিষ্ঠানিক খাতের উপস্থিত প্রত্যেক সংগঠনের ১৫ জন নারী নেত্রীদের নিয়ে মোট ১৮ টি সংগঠনের সাথে ১২টি জাতীয় ফলো-আপ কর্মশালা আয়োজন করা হবে বলে সিদ্ধান্ত হয়। তারই ধারাবাহিকতায় গত সেপ্টেম্বর ও অক্টোবর মাসে মোট ৫টি ফলো-আপ কর্মশালা অনুষ্ঠিত হয়।

দিলিপ কুমার নাথ, বি. এফ.টি. ইউ.সি'র কে. এম শহিদউল্লাহ, এবং জে.এস. এল'র আবদুর রহিম মাস্টার ও কামাল উদ্দিন সাহেব।

বেসিক অর্গানাইজার প্রশিক্ষণ কর্মশালা

(২য় পৃষ্ঠার পর)

সরকার প্রদত্ত বিভিন্ন সেবা ও সুযোগ-সুবিধা, উপজেলা কৃষি অফিস এবং অন্যান্য বিভাগ প্রদত্ত নানাবিধ সেবা সম্পর্কে অংশগ্রহণকারীদের ধারণা প্রদান করেন। তিনি কৃষি শ্রমিকদের পরিবেশবান্ধব কীটনাশক প্রয়োগ, কৃত্রিম সারের উপর নির্ভরশীলতা কমিয়ে প্রাকৃতিক ও জৈব সারের ব্যবহার বৃদ্ধি, ফরমালিনমুক্ত ফলমূল ও সবজি গ্রহণ ইত্যাদি বিষয়ের উপর গুরুত্ব আরোপ করেন। পানি ব্যবহার করে কিভাবে ভোগ্যপণ্য ফরমালিনমুক্ত করা যায় এসব বিষয়ে তিনি পরামর্শ প্রদান করেন। এছাড়া কীটনাশক প্রয়োগের সময় মুখোশ, গাভস ব্যবহার, এবং খাওয়ার আগে ও পরে হাত ও মুখ ধৌত করার জন্য তিনি তাদের পরামর্শ দেন। এছাড়া ফসলের পাশাপাশি ফসলি জমিতে মাছ চাষ এবং পরিত্যক্ত জমিতে চাষাবাদ করার মূল্যবান পরামর্শ প্রদান করেন।

এরপর প্রকল্প পরিচালক আসাদ উদ্দিন সংগঠিতকরণের মৌলিক বিষয়াদি, সংগঠিতকরণের ধাপ ও প্রক্রিয়া এবং প্রয়োজনীয়তা ইত্যাদি বিষয়ের উপর সংক্ষিপ্ত আলোচনা করেন।

সর্বশেষ তিনি কর্মশালায় অংশগ্রহণকারীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। তিনি তাদেরকে প্রশিক্ষক এবং অধিভিদের মূল্যবান এবং দিক-নির্দেশনা অনুসরণ করার আহ্বান জানান। এছাড়া ওশি ফাউন্ডেশন পরিচালিত এ ধরনের সকল কর্মসূচিতে অংশগ্রহণের জন্য উৎসাহ প্রদান করেন।

জাহাজ ভাঙ্গা শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে পাঠচক্র

ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম এ অবস্থিত ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে গত ০৫, ১৯ ও ২৬ সেপ্টেম্বর এবং ৩১ অক্টোবর, ২০১৪ তারিখে মোট ০৪ টি পাঠচক্র শীপ ব্রেকিং ইয়ার্ডে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ের উপর অনুষ্ঠিত হয়। পাঠচক্রে বিভিন্ন ইয়ার্ড থেকে মোট ৬০ জন জাহাজ ভাঙ্গা শ্রমিক অংশগ্রহণ করেন।

উক্ত পাঠচক্রগুলোতে বিভিন্ন সময়ে মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন টি ইউ. সি'র

(শেষ পৃষ্ঠায় দেখুন)

বর্জ্যসম্পদ শ্রমিকদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য সেবা ও ওষুধ বিতরণ



বর্জ্যসম্পদ শ্রমিকরা তুলনামূলক খুব নোংরা পরিবেশে কাজ করেন। ফলে মারাত্মক এবং ছোটখাট জখমসহ নানাবিধ পেশাগত রোগ ব্যাধি নিত্য-নৈমিত্তিক ঘটনা। এছাড়া বর্জ্যসম্পদ শ্রমিকরা তাদের স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে একেবারে সচেতন নয়। বাংলাদেশ অক্যুপেশনাল হেল্থ, সেইফটি এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি), FNV- এর সহায়তায় সমাজের এই নিগৃহিত জনগোষ্ঠীর জন্য গত ২৪ অক্টোবর ২০১৪ তারিখে ঢাকার যাত্রাবাড়ির মাতুয়াইল ল্যান্ডফিলের কাছে একটি বিশেষ স্বাস্থ্য সেবা ক্যাম্পের আয়োজন করে।

এ কর্মসূচীর উদ্দেশ্য ছিল শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা প্রদান এবং ওষুধ বিতরণ করা। সেই সাথে বর্জ্যসম্পদ শ্রমিকদের স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে সচেতন করা ও কর্মক্ষেত্রের ঝুঁকিসমূহ নিরূপণ করা যাতে তারা তাদের স্বাস্থ্য নিরাপত্তা বিষয়ে আরও সচেতন হতে পারেন। এতে প্রায় ২৭ জন নারী শ্রমিক, ০৭ জন পুরুষ শ্রমিক, ০৩ জন শিশু শ্রমিক এবং ০১ বর্জ্যসম্পদ শ্রমিকের শিশুসহ মোট ৩৮ জন সুবিধাভোগী স্বাস্থ্য সেবা, পরামর্শ ও ওষুধ গ্রহণ করেন।

ডাঃ সাদিয়া শবনম, সুবিধাভোগীদের স্বাস্থ্য সেবা ও বিভিন্ন বিষয়ে উপদেশ এবং পরামর্শ দিয়েছেন। এ সময় তিনি তীব্র গরমে পানি শূন্যতা থেকে রক্ষা পাওয়ার জন্য সকলকে খাবার স্যালাইন বানানোর পদ্ধতি শিখিয়ে দেন।

সুবিধাভোগীদের মধ্যে অধিকাংশই পিঠ ব্যাথা, মাথা ব্যাথা, কাঁধ ব্যাথা, চোখ জ্বালা পোড়া করা, চোখে ছানি এবং শারীরিক দুর্বলতায় ভুগছেন। এছাড়াও ক্ষুধা মন্দা, ত্বকে ঘা এবং ছোটখাট আঘাত পরিলক্ষিত হয়।

উক্ত কর্মসূচীতে ওশি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক জনাব রিপন চৌধুরী এবং ভাইস চেয়ারপার্সন ডঃ এস এম মোর্শেদ অংশগ্রহণ করেন। জনাব রিপন চৌধুরী সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। এ সময় তিনি চোখে ছানি পড়া ০৩ জন রোগীকে চক্ষু বিশেষায়িত কোন হাসপাতালে বিনা খরচে চিকিৎসা করানোর প্রতিশ্রুতি দেন।

বর্জ্যসম্পদ শ্রমিকেরা ওশি ফাউন্ডেশনকে তাদের এই কর্মসূচীটি আয়োজনের জন্য ধন্যবাদ জানান। এ সময় তারা বেশ কিছু দাবি দাওয়া পেশ করেন। স্বনির্ভর দলের নেতা জনাব মোঃ শাহ আলম এবং জনাব মোঃ ফোরকান বলেন, এ ধরনের সেবামূলক কর্মসূচী তাদের জন্য খুব প্রয়োজন ছিল। তারা দাবি করেন যদি সম্ভব হয় তবে এ ধরনের সেবামূলক কর্মসূচী মাসে অন্তত একবার আয়োজন করা হলে তারা আরও উপকৃত হবেন।

ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী সুবিধাভোগীদের মধ্যে বিনা মূল্যে ওষুধ বিতরণের মধ্য দিয়ে কর্মসূচী শেষ হয়।

প্রমোশন অব ডিসেন্ট ওয়ার্ক ফর এগ্রিকালচার ওয়ার্কাস

কোর অর্গানাইজার প্রশিক্ষণ কর্মশালা

গত ১৮ অক্টোবর ২০১৪ তারিখে প্রমোশন অব ডিসেন্ট ওয়ার্ক ফর এগ্রিকালচার ওয়ার্কাস প্রকল্পের আওতায় চুনাবাড়ীতে ওশি'র প্রকল্প অফিসে মূখ্য সংগঠকদের একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

হয়। সংগঠিতকরণের কৌশল, সংগঠিত করার প্রক্রিয়া, কারা সংগঠনে অন্তর্ভুক্ত হওয়ার যোগ্য ইত্যাদি বিষয় ছাড়াও কৃষিক্ষেত্রের সার্বিক বিষয়ে প্রশিক্ষণ প্রদানই ছিল কর্মশালার উদ্দেশ্য।

কর্মশালার প্রশিক্ষক ছিলেন ওশি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক জনাব এ.আর চৌধুরী রিপন।

৫ টি ইউনিয়নের নির্বাচিত ৫টি ওয়ার্ডের ৫ জন মূখ্য সংগঠক কর্মশালায় অংশগ্রহণ করেন। বেসিক অর্গানাইজার প্রশিক্ষণ কর্মশালায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী এবং অন্যান্য সদস্যের মতামতের আলোকে কোর অর্গানাইজার নির্বাচন করা হয়। সংগঠিতকরণের কৌশল, সংগঠিত হওয়ার প্রয়োজনীয়তা, সংগঠনে অন্তর্ভুক্ত হওয়ার যোগ্যতা, কোন্ শ্রেণীর শ্রমিক, সংগঠনের সদস্য হতে পারবেন ইত্যাদি বিষয়ে জনাব রিপন চৌধুরী মূল্যবান দিক-নির্দেশনা প্রদান করেন। তিনি জোর দিয়ে বলেন, এই সংগঠন হবে কেবল কৃষি শ্রমিক ও প্রান্তিক চাষীদের। এসব ইউনিয়ন বা সংগঠনে নারী শ্রমিকদের অন্তর্ভুক্তির বিষয়ে তিনি বিশেষ গুরুত্বারোপ করেন।

তিনি আরো বলেন, যদি কৃষি শ্রমিকরা সংঘবদ্ধ হতে পারে, তবে সমাজে তাদের মর্যাদা আরো বৃদ্ধি পাবে। সমাজের সকল স্তরের মানুষ আপনাদের (কৃষি শ্রমিকদের) সম্মানের চোখে দেখবে। আপনাদের মর্যাদা বৃদ্ধি পাবে।

অংশগ্রহণকারী শ্রমিকরা অত্যন্ত আগ্রহের সাথে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন। তাদের অংশগ্রহণ ছিল স্বতঃস্ফূর্ত। বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যু যা তাদের কাছে বোধগম্য ছিল না, বারবার প্রশ্ন করে তারা সেটা বোঝার চেষ্টা করেছেন। বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে তারা ওশি ফাউন্ডেশনের জন্য মূল্যবান পরামর্শ প্রদান করেন।

কর্মশালায় গৃহীত সিদ্ধান্তসমূহ হচ্ছে -

- এক মাস কাজ করার পরে সদস্য টার্গেট নির্ধারণ করা হবে।
- সদস্যরা একটি সদস্য ফরমের মাধ্যমে নিবন্ধিত হবেন।
- সদস্য ফরমের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, কৃষি কার্ড বা ব্যাংক একাউন্টের
- ফরমের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ওশির পক্ষ থেকে সদস্যদের জন্য পরিচয়পত্র সরবরাহ করা হবে।
- ভূমিহীন কৃষক এবং কৃষি শ্রমিকরা কেবল সদস্য হতে পারবে।
- কোনো অপরাধী, মাদকাসক্ত বা রাষ্ট্রবিরোধী কাজে জড়িত কোনো শ্রমিক সদস্য হতে পারবেন না।
- কোর অর্গানাইজারদের মাসিক অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভা প্রতি মাসের ১৮ তারিখ বিকাল ৩ টায় অথবা সকলের সুবিধামত তারিখে অনুষ্ঠিত হবে।

(৫ম পৃষ্ঠায় দেখুন)

কোর অর্গানাইজার প্রশিক্ষণ কর্মশালা

(৪র্থ পৃষ্ঠার পর)

অংশগ্রহণকারী সংগঠকদের ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে জনাব রিপন চৌধুরী তার সেশনের পরিসমাপ্তি টানেন। তারপর ওশি'র প্রোগ্রাম অফিসার, আসাদ উদ্দিন কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন এবং কোর অর্গানাইজার ও কৃষি শ্রমিকদের রিপন চৌধুরীর তুলে ধরা দিক নির্দেশনা অনুযায়ী কাজ করার এবং তা বাস্তবায়ন করার গুরুত্বারোপ করেন।



বর্জ্যসম্পদ শ্রমিকদের সচেতনতামূলক কার্যক্রম “সাপ্তাহিক পাঠচক্র”

বর্জ্যসম্পদ শ্রমিকদের নিয়ে গত সেপ্টেম্বর ও অক্টোবর মাসে ঢাকার মাতুয়াইল - এ অবস্থিত ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে মোট ০৫ টি পাঠচক্র অনুষ্ঠিত হয়। সেপ্টেম্বর মাসের ১৬, ২৩ ও ৩০ তারিখে মোট ৩টি পাঠচক্র অনুষ্ঠিত হয়। এতে মোট ৪৫ জন বর্জ্যসম্পদ শ্রমিক অংশগ্রহণ করেন। এর মধ্যে ৩৯ জন নারী ও ০৬ জন পুরুষ শ্রমিক উপস্থিত ছিলেন।



অন্যদিকে অক্টোবর মাসের ২১ ও ২৮ তারিখে মোট ২টি পাঠ চক্র একই স্থানে অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন মোট ৩০ জন বর্জ্যসম্পদ শ্রমিক; এদের মধ্যে ২৫ জন নারী ও ০৫ জন পুরুষ শ্রমিক উপস্থিত ছিলেন।

পাঠচক্রের মূল উদ্দেশ্য ছিলো বর্জ্যসম্পদ শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং অসংগঠিতদের সংগঠিতকরণ বিষয়ে সচেতন করা।

দুইটি অধিবেশনের মাধ্যমে পাঠচক্রটি পরিচালনা করা হয়। প্রথম অধিবেশনে

মিসেস আরিফা আস আলম, প্রোগ্রাম অফিসার, এলআইই, বর্জ্যসম্পদ শ্রমিকদের মূল স্বাস্থ্য সমস্যা ও করণীয়, এইচআইভি/এইডস এবং কর্মক্ষেত্রে নিরাপত্তা বিষয়ে আলোচনা করেন। দ্বিতীয় অধিবেশনে ফেডারেশন অফ গার্মেন্টস্ ওয়ার্কার্সের সাধারণ সম্পাদক, জনাবা চায়না রহমান অসংগঠিতদের সংগঠিতকরণ বিষয়ে সচেতনতা সৃষ্টিতে আলোচনা করেন। এছাড়া মিস লাভলী ইয়াসমিন, সভাপতি, বাংলাদেশ রেডিমেইড গার্মেন্টস্ ওয়ার্কার্স ফেডারেশন; নেতৃত্ব উন্নয়ন ও

কর্মক্ষেত্রে সচেতনতা বিষয়ে মুক্ত আলোচনা পরিচালনা করেন।

প্রশিক্ষণার্থীবৃন্দ তাদের ধারণা ও মতামত প্রদানের মাধ্যমে পাঠচক্রে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।

জাহাজ ভাঙ্গা শ্রমিকদের জন্য স্বাস্থ্য সেবা শিবির

পৃথিবীতে ঝুঁকিপূর্ণ/ বিপজ্জনক যেসব কাজ আছে জাহাজ ভাঙ্গা তার মধ্যে অন্যতম। এ শিল্পে ছোট/ বড় দুর্ঘটনা প্রতিনিয়ত ঘটে থাকে। এছাড়াও ক্যান্সার এম এর মত বিভিন্ন ধরনের বিপজ্জনক পদার্থের সংস্পর্শে কাজ করতে হয়। শুরু থেকেই শ্রমিকেরা এসব বিপজ্জনক পদার্থ অনিরাপদ উপায়ে অপসারণ করে আসছে। ফলস্বরূপ এ শিল্পে

ওশি ফাউন্ডেশন, কানাডিয়ান অটো ওয়ার্কার্স এসোসিয়েশন (সিএডব্লিউ) এর সহযোগিতায় পরিচালিত ‘বাংলাদেশে জাহাজ ভাঙ্গা শ্রমিকদের জন্য স্বাস্থ্য সেবা কর্মসূচী’ প্রকল্পের আওতায় গত ০৫, ১২, ১৫ ও ২৬ সেপ্টেম্বর

(৬ষ্ঠ পৃষ্ঠায় দেখুন)



জাহাজ ভাঙ্গা শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে পাঠচক্র (৩য় পৃষ্ঠার পর)



তারা বাংলাদেশ শ্রম আইন ২০০৬ অনুযায়ী নিয়োগ পত্র, পরিচয় পত্র, কর্মঘন্টা, ছুটি, কর্ম পরিবেশ, বাতাস চলাচল, ঝুঁকিপূর্ণ উপকরণ অপসারণ, কর্মক্ষেত্রে আলোর ব্যবস্থা, নিরাপদ উত্তোলন পদ্ধতি এবং ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম ব্যবহার ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

জাহাজ ভাঙ্গা শ্রমিকদের জন্য স্বাস্থ্য সেবা শিবির (৫ম পৃষ্ঠার পর)

এবং ০৩, ২৪ ও ৩১ অক্টোবর ২০১৪ তারিখে ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম এ অবস্থিত ওশি প্রশিক্ষণ ও কল্যাণ কেন্দ্রে বিনামূল্যে মোট ০৭ টি ইনডোর স্বাস্থ্য সেবা এবং গত ০১, ০৩, ০৮, ১৫, ১৭ ও ২৯ সেপ্টেম্বর এবং ০১ ও ২৯ অক্টোবর ২০১৪ তারিখে মোট ০৮ টি আউটডোর স্বাস্থ্য সেবা শিবির কদমরসুল সরকারী প্রাথমিক বিদ্যালয়, বারআউলিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, মাদামবিবিরহাট ও কুমিরা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পরিচালনা করে।

কর্মসূচীগুলোর উদ্দেশ্য ছিলো শ্রমিকদের চিকিৎসা ও বিনামূল্যে ঔষধ প্রদান, তাদের স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করা এবং স্বাস্থ্য সেবা শ্রমিকদের দোরগোড়ায় পৌঁছে দেওয়া।

ডাঃ জনাব তপন কুমার নাথ মোট ৬০ জন শ্রমিকের মাধ্যে এই চিকিৎসা সেবা প্রদান করেন। পরবর্তীতে ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়।

নতুন ঠিকানায় ওশি হেড অফিস

২০১৫ সালের ফেব্রুয়ারি থেকে নতুন ঠিকানায় ওশি হেড অফিস -

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ অক্যুপেশনাল সেইফটি, হেলথ্ এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি) এর হেড অফিস ২০১৫ সালের ফেব্রুয়ারিতে বর্তমান ঠিকানা - ৪৪এফ/৬, পশ্চিম পাভুপথ, ঢাকা - ১২১৫ থেকে নিম্নে বর্ণিত নতুন ঠিকানায় স্থানান্তরিত হতে যাচ্ছে -

সেকশন নং - ০৬, ব্লক - এ, লেন - ০১, বাড়ী নং - ১৯ (প্রথম তলা)

মিরপুর, ঢাকা - ১২১৬, বাংলাদেশ ফোনঃ +৮৮-০৪৪ ৭৭৭ ০০০ ৮০, ই-মেইলঃ oshe@agni.com

(স্থানঃ মিরপুর ১০ সার্কেল এ অবস্থিত বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রশিক্ষণ কেন্দ্রের পিছনে)



বাংলাদেশ অক্যুপেশনাল সেইফটি, হেলথ্
এন্ড এনভায়রনমেন্ট ফাউন্ডেশন (ওশি)

শ্রমিকের মানবাধিকার, শোভন কাজ
ও টেকশই উন্নয়নে অঙ্গিকারাবদ্ধ

৪৪এফ/৬, পশ্চিম পাভুপথ (৫ম তলা), ঢাকা-১২১৫

ফোন : ০৪৪৭৭৭০০০৮০, ৯১৩৯০৭৯

ফ্যাক্স : ৯১৪১৭৫৪, ই-মেইল: oshe@agni.com

visit : www.oshebd.org

September - October
2014



OSHE Newsletter

Issue No. - 05

OSHE Workplace Accident Survey Report

**128 Workers Died in last 3 months;
Construction, Garments, Agriculture and
Ship Breaking Workers in Peak**

128 workers died (Formal Sector - 43 and Informal Sector - 85) and 108 workers were injured (Formal Sector - 76 and Informal Sector - 32) in different workplace accidents from July 01 to September 30, 2014.

Bangladesh Occupational Safety, Health and Environment Foundation (OSHE) has revealed this quarterly workplace accident report based on monitoring 18 leading national daily newspapers of the country and reports of its field offices in different parts of the country.

As per the findings, in formal sector, the highest number of workers' casualties (Died - 06 and Injured - 31) took place in Garments (sweater, waving, knitting, spinning and composing) industries and the second highest number of workers' casualties (Died - 20 and Injured - 04) took place in Construction sector. Moreover, the ship breaking sector brought about 04 deaths and 10 injuries.

In informal sector, the highest number of workers' casualties (Died - 28 and Injured - 09) took place in Agriculture sector while the second highest number of workers' casualties (Died - 24 and Injured - 06) was seen in Construction (Household related; personally) sector.

The major causes, found for these deaths and injuries are electrocution, thunderstorm/lighting, factory fire, falling from height or ship or boiler or water pipe explosion. Electrocution killed 46 workers and injured 09. Thunderstorm/lighting caused death of 26 and injury of 05 workers. Factory fire caused 29 injuries. Falling from height/ship caused 17 deaths while Boiler or water pipe explosion brought about 16 injuries.

MAKING NEW HOPE

Education Support Program for Children of Rana plaza and Tazreen Fashions Accidents Victims



Bangladesh Occupational Safety, Health and Environment Foundation (OSHE) organized a launching event at its Panthapath, Dhaka's Head Office for Education Support Program for Children of Rana plaza and Tazreen Fashions Accidents Victims - MAKING NEW HOPE on 22 October, 2014.

In the event, Mr. AR Chowdhury Repon, ED, OSHE, Members of Rana Plaza and Tazreen Fashions Accidents Victims Rights Network and the network committee's Member Secretary Mrs. Zarina Begum joined. Mr. Chowdhury handed over the cheques of current month of October to the selected 05 victims' children from the OSHE's data base of Rana Plaza and Tazreen Accidents Victims Children. And from this month, OSHE would support these 05 children in their educational progress. Most. Munni Akhter, a beneficiary stated, I want to be a doctor in future. Thanks to OSHE that it comes to help me to materialize my dream. The Member Secretary, Mrs. Zarina added, please use this money only in your child's

educational purpose. In conclude, Mr. Repon Chowdhury thanked everyone and shut down the event.

A devastating fire had broken out in Tazreen Fashion Limited, a sister concern of Tuba Group at Nischintapur, Ashulia, Saver, Dhaka on 24 November, 2012. A total of 112 workers died in the incident. But it is matter of sorrow that the victims do not get their compensations yet. The government, BGMEA and also the buyers now try to keep this issue away from them. The victims are indeed at stake. They even do not get proper medical treatment. As a result, they have been receiving permanent disability and have also been attacked with dreadful cancer.

Work Improvement and Occupational Safety & Health Training Programs at Small Construction Enterprises

Bangladesh Occupational Safety, Health and Environment (OSHE) Foundation organized training programs at 50 small construction enterprises in October and November on Work Improvement and Occupational Safety & Health with the financial assistance from the ILO, "Way out of Informality" Project in Dhaka, Chittagong and Rajshahi.

In these training programs, 540 construction workers from 50 enterprises and also management level people participated. The ways of work improvement and occupational safety & health issues at small



enterprises were discussed based on ILO 'WISCON' model in the participatory training programs.

The participants participated in the training actively and pledged to play an effective role in ensuring work improvement and occupational safety & health at small construction enterprises in the light of the discussion of training programs.

These training programs were organized with the earnest support from central and local leaders of INSUB, BBWWF, BNSL and BJNKSF.

Promotion of Decent Work for Agriculture Workers

Basic Organizer Training

Agriculture is the driving sector of the economy of Bangladesh providing the major source of livelihood in the rural areas. This sector is presently suffering with acute decent work deficit. The farmers are the poor group in our society. To ensure labor standards and decent work at agriculture sector in Bangladesh, OSHE conducting a project at Chunarughat upazilla of Habigonj naming Promotion of Decent Work for Agriculture Workers.

First Basic Organizer Training was held at OSHE Project office at Chunarughat in Habigonj on 17 October, 2014 with the purpose of organizing agriculture workers, importance and necessity of organizing, building solidarity among them, inform about their right, link with services given by government, raising awareness building etc. Mr. Abdus Subhan, Sub-assistant agriculture officer was the trainer of the program. Vice chairman of OSHE Barrister Shumon was the chief guest of the program. OSHE Executive Director A.R. Chowdhury Repon presided over the program while Program Officer of this project Mr. Asad Uddin was presenter.

There were 18 participants from 5 wards of 5 union parishads. Mr. A.R. Chowdhury Repon Executive Director of OSHE delivered his welcoming speech. In his speech, he described on the present agriculture situation of Bangladesh, problems and prospects of agriculture, present situation of agriculture workers, problems and prospects, condition of agriculture situation of chunarughat upazilla. He said, Chunarughat upazilla is an agriculture prone area. Most depend on agriculture. The workers of this field are mostly unorganized. Unlike agriculture, there are many organized group or trade unions in other sectors. OSHE is implementing its project in this regard.



In his address Chief guest of the program, Vice chairman of OSHE foundation Barrister Shumon said, Agriculture workers are the heart of Bangladesh. But most of their condition is bad. To eliminate poverty by using modern technology in agriculture, unity is essential. He also said, present government is an agriculture friendly government. This government is committed to serving agriculture sector. Besides government, OSHE Foundation is directing a project in your locality. It is a great opportunity for you.

At the second session, local resource person and Chunarughat Upazilla Sub-assistant Agriculture Officer Abdus Subhan

(See Page 03)



Organizing the Un-organized Female Workers, Stopping Sexual Harassment and Gender Equality at Work

Follow-up Workshops Take Place

Labour at Informal Economy (LIE) organized five follow-up workshops in September and October with the support of OSHE and AMRC where 90 working women from different sectors participated in.

The first follow-up workshop was held on 5 September, 2014 with the initiative of Federation of Garments Workers and Bangladesh Free Trade Union Congress at Agargaon where 15 female leaders joined. The second one was held at OSHE Training and Welfare Center, Matuail, Jatrabari with the participation of 15 waste resource workers on 16 September, 2014. These two workshops were inaugurated by Mrs. China Rahman, Executive Director of Federation of Garments Worker.

Afterwards Ms. Kazi Rahima Sathi organized another follow-up workshop on 27 September, 2014 at Jatio Shramik League office, Mirpur - 14 in Dhaka. In the program Mrs. Saki Rezwana, Chairperson of OSHE and Mrs. China Rahman, General Secretary of FGW joined.

The fourth workshop was organized by Bangladesh Biman Shramik League with 15 working women on 17 October, 2014 while OSHE Chairperson Saki Rezwana was present as guest.

Bangladesh Chinnamul Hawkers Samiti and Bangladesh Apparels Workers Federation organized fifth follow-up workshop on 18 October, 2014 at Chinnamul Hawkers Samiti office, Gulistan in Dhaka with the participation

of 15 female hawkers, Mr. Kamal Siddiki, President of Chinnamul Hawkers Samiti and Women Affairs Secretary, Ms. Sahera Begum.

The objective of the workshop was to increase knowledge base and skills of working women through ensuring their attachment to the gender based projects of AMRC and LIE to

- organize the un-organized;
- establish own rights;
- ensure gender equality; and
- stop sexual harassment.

A national consultation workshop, jointly organized by Labour at Informal Economy (LIE), Bangladesh Occupational, Health, Safety and Environment Foundation (OSHE) and Asia Monitor Resource Centre (AMRC) on labour rights and decent work for working women in Bangladesh was held on April 22 & 23, 2014 at BIAM Foundation in Dhaka. As per the recommendation of that workshop, 12 national follow-up workshops would be arranged with participated 18 organizations where 15 female leaders from each organization would join. In line with that recommendation, five follow-up workshops were organized in September and October.

Saheb were present as key discussants of these study circles.

In their presentation, they discussed OSH provisions as per Bangladesh Labour Act 2006, such as issuing appointment letter, issuing identity card, fixing working hours,

Basic Organizer Training

(After Page 02)

delivered a valuable presentation. He informed the agriculture workers about running services and facilities by government, services provided by upazilla agriculture office and other department. He also emphasize on using environment friendly pesticides, frequent use of natural fertilizers, eat formalin free foods, vegetables, fruits etc. He also gave them knowledge about how to lessen formalin from consumer products by using waters. He also advice them using musk when spraying pest control, washing hand after such job etc. He also advice them fishing in their field and cultivate the abandoned land.

Afterwards Program officer of agriculture project Asad Uddin took session on the basic of organization, how to organize and importance of organization.

Finally Mr. Asad thanked the participants for their spontaneous participation and feedback. He emphasized them to follow the advice given by the trainer. He also encouraged them to attend such program organized by OSHE.

Study Circle on Occupational Safety & Health for Ship Breaking Workers

The three Study Circles on Occupational Safety and Health were held on September 05, 19 & 26 and October 31, 2014 at OSHE Training and Welfare Centre Vatiary, Sitakunda, Chittagong. A total of 60 ship breaking workers from different yards participated in these study circles.

Mr. K.M Shahidullah, General Secretary, BFTUC, TUC's Mr. Dilip Kumar Nath and JSL's Mr. Abdur Rahim Master & Mr. Kamal Uddin

(See Page Last)

Health Camp for Waste Resource Workers



Waste resource workers usually work in the dirtiest environment. They do the most hazardous work. But it is a matter of regret that they are not yet recognized as workers in our country. Major and minor injuries are the common phenomena for them. Furthermore, they are not concerned about their health and safety issues.

In the circumstances, Bangladesh Occupational safety Health and environment foundation (OSHE) organized a special health camp on 24 October, 2014 with the support of FNV at the Matuail Sanitary Landfill in Dhaka for this underprivileged segment of our workforce.

The objectives of the health camp were to provide basic medical health care, to aware workers about their health and hygiene and to ensure health services at the doors of workers.

Dr. Sadia Sabnam, General Health practitioner provided treatment with the waste resource workers. The total of 38 workers received the treatment. Of these 38 workers, 27 were women, 07 were men, 03 were child worker and the

rest 01 was a child of a waste resource worker.

Dr. Sabnam showed the workers how to prepare saline for getting rid of dehydration. Most came with back pain, headache, shoulder pain, skin problem, minor injuries, burning sensitization of eyes and other physical weakness.

In the program, Mr. A R Chowdhury Repon, Executive Director of OSHE and Dr. S. M. Morshed, Vice Chairperson of OSHE joined. Mr. Chowdhury thanked everyone to come to the camp. He also promised that he would arrange free medical treatment for 03 burning sensitization of eyes patients.

Waste resource workers thanked OSHE for arranging this event. The leaders of Shawnirbhar group, Mr. Shah Alam and Mr. Farkan stated, this kind of health camp is surely necessary for them. They demanded for arranging this health camp once a month.

As per the prescription, free medicines were distributed among the beneficiaries.

by the other members. Mr. AR Chowdhury Repon, Executive Director of OSHE conducted the training session. He delivered a valuable speech on how to organize, importance of organizing, criteria of the member of the organization etc.

He said, if the agriculture workers are able to form an organization, their social dignity will increase. All of the society members dignify you (Agriculture Workers). The status of agriculture workers will upgrade. The participants took part in this training program so eagerly. Their participation was so active. They questioned on different issues which were unclear to them. They also advised us on different matters.

The Decision and regulation of this program are:-

- Target of member will be selected after one month
- The members are registered with a membership form
- ID card of the members will be provided
- Any criminal, drug addicted, Subversive persons cannot be member
- Only Landless and agriculture workers will be member
- The organizer meeting will be held at 3.00 pm on every 18th of the month or suitable date

(See Page 05)

Promotion of Decent Work for Agriculture Workers

Core Organizer Training

Core Organizer Training of Promotion of Decent Work for Agriculture Workers project was held at OSHE Project office at Chunarughat in Habigonj on 18 October, 2014 with the purpose of introducing techniques and process of organizing, importance of organizing

and other important issues. Executive Director of OSHE A.R. Chowdhury Repon was the trainer of the program.

There were 5 participants from 5 wards of 5 union parishads. The participants were selected from Basic Organizer Training based on their performance and opinion

Study Circle on Occupational Safety & Health for Ship Breaking Workers

(After Page 03)



provision for leave, keeping favorable environment, maintaining air circulation, disposal of hazardous materials, lighting at work, work at height, safe use of machineries, safe weight lifting and use of personal protective equipments etc.

Health Camps for Ship Breaking Workers

(After Page 05)

2014 at OSHE Training and Welfare Centre Vatiary, Sitakunda, Chittagong and 08 out-door camps on September 01, 03, 08, 15, 17 & 29 and October 01 and 29, 2014 at Kadamrasul Government Primary School, Baroaulia Government Primary School, Madambirhat and Kumira Government Primary School.

The objectives of the health camp were to provide basic medical health care, to aware workers about their health and hygiene and to ensure health services at the doors of workers. Dr. Topon Kumar Nath, General Health practitioner provided the ship breaking workers with treatment. The total of 60 workers received the treatment.

As per the prescription, free medicines were distributed among the beneficiaries.

New Address of OSHE Head Office

OSHE Head Office is moving to New Address at Mirpur from February 2015 -

This is to inform you in advance that, the Head Office of Bangladesh Occupational Safety, Health and Environment Foundation (OSHE) is going to be shifted from 44 F/6 West Panthapath, Dhaka-1215 to the following new address:

Section # 06, Block # A,, Lane # 1, House # 19 (1st floor)

Mirpur, Dhaka - 1216, Bangladesh, Tel: +88-044 777 000 80, E-mail: oshe@agni.com

(Location: Behind the Bangladesh Fire Service and Civil Defense Training Centre - Mirpur 10 circle)



Bangladesh Occupational Safety, Health & Environment Foundation (OSHE)

Promote human rights of Workers, decent work & sustainable development

44F/6, West Panthapath (4th Floor) Dhaka-1215

Tel : +88-02-04477700080, 9139079

Fax :+88-02 9141754, E-mail : oshe@agni.com